# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ সূরা বাকারাহ পাঠকালে ফেরেস্তাগণ অবতীর্ণ হয়

ذِكْرُ نُزُولِ الْمَلَائِكَةِ عِنْدَ قِرَاءَةِ سُورَةِ الْبَقَرَةِ

আরবী

776 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنْ أُسَيْدِ بْنِ حُضَيْرٍ أَنَّهُ قَالَ: يَا رَسُولَ اللَّهِ بَيْنَمَا أَنَا أَقْرَأُ اللَّيْلَةَ سُورَةَ الْبَقَرَةِ إِذْ سَمِعْتُ وَجْبَةً مِنْ خَلْفِي فَظَنَنْتُ أَنَّ فَرَسِي انْطَلَقَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اقْرَأْ يَا أَبَا عَتِيكٍ) فَالْتَفَتُّ فَإِذَا مِثْلُ الْمِصْبَاحِ مُدَلّى بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (اقْرَأْ يَا أَبَا عَتِيكٍ) فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ فَمَا اسْتَطَعْتُ أَنْ أَمْضِيَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تِلْكَ الْمَلَائِكَةُ نَزَلَتْ لِقِرَاءَةِ سُورَةِ الْبَقَرَةِ أَمَا إنك لو مضيت لرأيت العجائب)
الراوي : أُسَيْد بْن حُضَيْرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 776 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৭৬. উসাইদ বিন হুদ্বাইর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আজ রাতে আমি সূরা ফাতিহা পাঠ করছিলাম, এসময় আমি আমার পেছনে ‘কোন কিছু পতিত হওয়ার’ আওয়াজ শুনতে পেলাম। ফলে আমার মনে হলো যে, হয়তো আমার ঘোড়া চলে গিয়েছে।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, “আবূ আতীক, আপনি পাঠ করুন।” অতঃপর আমি সেদিকে তাকালে আসমান ও জমিনের মাঝে বাতি সদৃশ্য কিছু দেখতে পাই! আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছিলেন, “আবূ আতীক, আপনি পাঠ অব্যাহত রাখুন।” তখন তিনি বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি আর পাঠ অব্যাহত রাখতে পারছি না।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, “ঐসব ফেরেস্তা, সূরা বাকারাহ পড়ার কারণে তাঁরা অবতীর্ণ হয়েছিল। জেনে রাখুন, যদি আপনি

পাঠ অব্যাহত রাখতেন, তবে আপনি বিস্ময়কর অনেক কিছুই দেখতে পেতেন!”[1]

## ফুটনোট

[1] আত তাবারানী আল কাবীর: ৫৬৬; হাকিম: ১/৫৫৪; মুসনাদ আহমাদ: ৩/৮১; সহীহ মুসলিম: ৭৯৬; সহীহ আল বুখারী: ৫০১৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/২১৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উসায়দ ইবনু হুযায়র (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89279

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন